

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৩

০৬ ফেব্রুয়ারি ২০২০  
তারিখ : -----  
২৩ মাঘ ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Annual Development Program (ADP) এবং পরিচালন বাজেটের**  
আওতায় প্রাপ্ত অর্থ, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং সরকার  
মালিকানাধীন কোম্পানীর নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ১৯ জানুয়ারি ২০২০ তারিখের পত্র নং- ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.২০-১৮ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা  
www.fid.gov.bd

নম্বর : ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.২০-১৮

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬  
১৯ জানুয়ারি ২০২০

বিষয়: Annual Development Program (ADP) এবং পরিচালন বাজেটের আওতায় প্রাপ্ত অর্থ, স্বায়ত্তশাসিত  
ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং সরকার মালিকানাধীন কোম্পানীর নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ এ বিভাগের পত্র নং-৫৩.০০.০০০০. ৩৩১.২২.০০১.১৮-৯৩ তারিখ ০২-০৪-২০১৮ (কপি সংযুক্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, Annual Development Program (ADP) এবং পরিচালন বাজেটের আওতায় প্রাপ্ত অর্থ, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এবং সরকার মালিকানাধীন কোম্পানীর নিজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থের ৫০% পর্যন্ত বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারি ব্যাংক অথবা অব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে অথবা উভয় ধরনের প্রতিষ্ঠানে আমানত রাখার জন্য নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। বিনিয়োগ, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে সুদের হার এক অঞ্চে নামিয়ে আনা প্রয়োজন। সে প্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উল্লিখিত উৎসসমূহের উদ্বৃত্ত অর্থ সর্বোচ্চ ৫.৫০% সুদ হারে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে এবং মোট উদ্বৃত্ত অর্থের ৫০% পর্যন্ত সর্বোচ্চ ৬% সুদ হারে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে মেয়াদী আমানত রাখা যাবে। তবে, প্রতিষ্ঠানসমূহের ভবিষ্য তহবিলের অর্থ, পেনশন তহবিলের অর্থ এবং এন্ডোমেন্ট (Endowment) ফান্ডের অর্থ এর আওতা বহির্ভূত থাকবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
১৯.১.২০২০

(মৃত্যুঞ্জয় সাহা)

উপসচিব

ফোন: ৯৫৯২৪৫০

ই-মেইল: niti@fid.gov.bd

বিতরণঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা [এ পত্রের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করার অনুরোধসহ]।
- ৫। সিনিয়র সচিব/ সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক/চীফ এক্সিকিউটিভ অফিসার,  
..... তফসিলী ব্যাংক (সকল)।
- ৭। যুগ্ম-সচিব (বাজেট ১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক..... (সংশ্লিষ্ট অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান)।
- ১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সকল) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। প্রোগ্রামার, আইটি শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা  
www.fid.gov.bd

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-৯৩

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৪  
০২ এপ্রিল ২০১৮

**বিষয়ঃ Annual Development Program (ADP) এর আওতায় প্রাপ্ত অর্থ এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব তহবিলের অর্থ আমানত রাখা প্রসংগে।**

সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিজ্ঞপ্তি নং: ৫৩.০০.০০০০.৩৩১.৯৯.০০১.১৭-২৮১ তারিখ: ২৬-১১-২০১৭


উপর্যুক্ত বিষয়ে বর্ণিত অর্থ আমানত রাখা সংক্রান্ত সূত্রে উল্লিখিত স্মারকের নির্দেশনা পুনর্বিবেচনাক্রমে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের এবং সরকারি, আধা-সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত সংস্থার মোট নিজস্ব তহবিলের অর্থ ৫০% পর্যন্ত বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারি ব্যাংকসমূহে অথবা এ বিভাগ কর্তৃক সূত্রস্থ স্মারকে বর্ণিত অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানে (NBFIs) অথবা উভয় ধরনের প্রতিষ্ঠানে আমানত রাখা যাবে”।

০২। এ নির্দেশনা ৩১-০৩-২০১৮ তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

০৩। সূত্রে বর্ণিত স্মারকের (ক) ও (খ) অনুচ্ছেদের পরবর্তী কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা জারি করা হলো।

  
(মোসাম্মাৎ জোহরা খাতুন) ০২/০৪/১৮  
উপসচিব

ফোন: ৯৫৯২৪৫০

ই-মেইলঃ fid.niti@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৬। চীফ এক্সিকিউটিভ অফিসার/ব্যবস্থাপনা পরিচালক/  
..... তফসিলী ব্যাংক (সকল)।
- ৭। যুগ্ম-সচিব (বাজেট ১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। যুগ্ম-সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক.....  
.....(সংশ্লিষ্ট) অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (NBFIs)।
- ১৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা(সকল) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। প্রোগ্রামার, আইটি শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।